গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১।

বিষয়ঃ ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহের অক্টোবর, ২০১৬ মাসের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী।

১৭/১১/২০১৬ তারিখে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষে ২০১৬-২০১৭ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিভুক্ত প্রকল্পসমূহের অক্টোবর,২০১৬ মাসের বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব জনাব মো: আব্দুল জলিল।

২। সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযোজিত।

৩। উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় অবহিত করা হয় যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ২০১৬-২০১৭ অর্থ বছরের বাজেট ৫২৪১৯.০০ লক্ষ টাকা (অনুন্নয়ন ২০৩৬৯.০০ লক্ষ টাকা+ উন্নয়ন ৩২০৫০.০০ লক্ষ টাকা)। উল্লেখ্য, ২০১৬-২০১৭ অর্থ বছরের এডিপিতে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের অনুমোদিত ৬টি প্রকল্পের অনুকূলে বরাদ্দ ৩১০৭৪.০০ লক্ষ টাকা এবং অননুমোদিত প্রকল্পসমূহের জন্য ৯৭৬.০০ লক্ষ টাকা থোক বরাদ্দ রয়েছে। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় চলতি ২০১৬-২০১৭ অর্থ বছরের এডিপিতে অনুমোদিত ০৬টি এবং অননুমোদিত ১৫টি প্রকল্প অন্তর্ভুক্ত রয়েছে। অক্টোবর,২০১৬ পর্যন্ত অবমুক্ত হয়েছে ৮৯৯৩.৫০ লক্ষ টাকা (২৭.৮২%) এবং উক্ত সময় পর্যন্ত ব্যয় হয়েছে ৭৮৯৪.০৯ লক্ষ টাকা (২৪.২৭%)। অতঃপর সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ-

| ক্রঃনং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ৩.১ | **''মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়''শীর্ষক প্রকল্পঃ** সভায় জানানো হয় যে, ''মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়''শীর্ষক প্রকল্পের সর্বশেষ স্টিয়ারিং কমিটির সভা ২৬/০৪/২০১৬ তারিখে অনুষ্ঠিত হয়। প্রকল্প দলিল অনুযায়ী প্রতি চার মাস অন্তর অন্তর স্টিয়ারিং কমিটির সভা করতে হবে। বিগত আগস্ট'২০১৬ মাসের পর্যালোচনা সভায় স্টিয়ারিং কমিটি সভা আহবানের সিদ্ধান্ত থাকলেও অদ্যাবধি কোন সভা আহবান না করায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয় এবং অতিদ্রুত স্টিয়ারিং কমিটি সভা আহবানের জন্য কমিটির সদস্য সচিব ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালককে অনুরোধ করা হয়।<br>এছাড়া, সভায় প্রকল্পের আওতায় পরিচালিত শিক্ষা কেন্দ্রসমূহের ছাত্র-ছাত্রীদের নাম ঠিকানা সম্বলিত ডাটা বেইজ ২০১৭ শিক্ষাবর্ষে করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অনুরোধ জানানো হয়। | ক) ''মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়''শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভা দ্রুত আহবান করতে হবে।<br>খ) ''মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায়''শীর্ষক প্রকল্পের আওতায় পরিচালিত শিক্ষা কেন্দ্রসমূহের ছাত্র-ছাত্রীদের নাম ঠিকানা সম্বলিত ডাটা বেইজ ২০১৭ শিক্ষাবর্ষে করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক ও মহাপরিচালক ইসলামিক ফাউন্ডেশন।<br>প্রকল্প পরিচালক |
| ৩.২ | **"মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পঃ** সভায় জানানো হয় যে, প্রকল্পটির সর্বশেষ স্টিয়ারিং কমিটির সভা ২৬/০৪/২০১৬ তারিখে অনুষ্ঠিত হয়। প্রকল্প দলিল অনুযায়ী প্রতি চার মাস অন্তর অন্তর স্টিয়ারিং কমিটির সভা করতে হবে। বিগত আগস্ট'২০১৬ মাসের পর্যালোচনা সভায় স্টিয়ারিং কমিটি সভা আহবানের সিদ্ধান্ত থাকলেও অদ্যাবধি কোন সভা আহবান না করায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয় এবং অতিদ্রুত স্টিয়ারিং কমিটি সভা আহবানের জন্য কমিটির সদস্য সচিব ইসলামিক ফাউন্ডেশনের মহাপরিচালককে অনুরোধ করা হয়। | মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভা দ্রুত আহবান করতে হবে। | প্রকল্প পরিচালক ও মহাপরিচালক ইসলামিক ফাউন্ডেশন। |
| ৩.৩ | **"মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায়" প্রকল্পঃ** সভায় জানানো হয় যে, প্রকল্পটির জুন'২০১৭ তে সমাপ্ত হবে। শিক্ষা কার্যক্রম অব্যাহত রাখার লক্ষ্যে ৫ম পর্যায়ের প্রকল্প প্রস্তাব প্রণয়ন এবং ৪র্থ পর্যায় প্রকল্পটি আন্ত:মন্ত্রণালয় মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন। | (ক) "মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৫ম পর্যায়" প্রকল্পের ডিপিপি প্রণয়ন দ্রুত সম্পন্ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।<br>(খ) ৪র্থ পর্যায় প্রকল্পটি আন্ত:মন্ত্রণালয় মূল্যায়ন কমিটি কর্তৃক মূল্যায়নের লক্ষ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক<br>ঐ |

( চলমান পৃ:/২)

| | | | |
|---|---|---|---|
| ৩.৪ | **ধর্মীয় এবং আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতা বৃদ্ধিকরণ প্রকল্পঃ** সভায় আলোচনা হয় যে, প্রকল্পটির ২য় ও ৩য় কিস্তির অর্থ ছাড় করা হয়েছে। লক্ষ্যমাত্রা অনুযায়ী প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত আছে। সভাপতি প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভা আহবানের জন্য প্রকল্প পরিচালককে নির্দেশনা প্রদান করেন। | ধর্মীয় এবং আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতা বৃদ্ধিকরণ প্রকল্পের স্টিয়ারিং কমিটির সভা আহবান প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে। | প্রকল্প পরিচালক |
| ৩.৫ | **প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা প্রকল্পঃ** সভায় আলোচনা হয় যে, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয় চট্টগ্রাম হজ্জ ক্যাম্প পরিদর্শনের লক্ষ্যে চট্টগ্রাম সফর করবেন। উক্ত সফরকালে তিনি বান্দরবান, রাংগামাটি, খাগড়াছড়ি, কক্সবাজার, চট্টগ্রাম জেলায় পরিচালিত এ প্রকল্পের শিক্ষা কেন্দ্র পরিদর্শন করতে পারেন। সচিব মহোদয় সরেজমিনে প্রকল্প পরিদর্শনে গেলে প্রকল্পের কর্মকর্তা-কর্মচারী ও স্থানীয় জনসাধারণ উদ্বুদ্ধ হবে। সভাপতি প্রকল্পের জেলা কমিটির কার্যক্রম এবং প্রকল্পের মনিটরিং জোরদার করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। | ক) ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মহোদয় চট্টগ্রাম হজ্জ ক্যাম্প পরিদর্শনকালে বিবেচ্য প্রকল্পের কার্যক্রম যাতে পরিদর্শন করতে পারেন, সেজন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br><br>খ) প্রকল্পের জেলা কমিটির কার্যক্রম এবং প্রকল্পের মনিটরিং জোরদার করতে হবে। | প্রকল্প পরিচালক ও সচিব, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।<br><br>প্রকল্প পরিচালক |
| ৩.৬ | **ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায় প্রকল্পঃ** সভায় জানানো হয় যে, প্রকল্পের অনুকূলে জিওবি খাতে ২০০.০০ লক্ষ টাকা পরিকল্পনা কমিশন কর্তৃক বরাদ্দ প্রদান করা হয়েছে, উক্ত অর্থ ছাড়ের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা দরকার। সরকারি নির্ধারিত নিয়ম অনুযায়ী প্রকল্পের জনবল নিয়োগ সম্পন্ন করা হবে। পুস্তক মুদ্রণের লক্ষ্যে প্রস্তুতিমূলক কাজ শুরু করা হয়েছে। | ক) ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায় শীর্ষক প্রকল্পের অনুকূলে অর্থ ছাড়ের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>খ) সরকারি নির্ধারিত নিয়ম অনুযায়ী প্রকল্পের জনবল নিয়োগ ও পুস্তক মুদ্রণের কাজ দ্রুত শুরু করতে হবে। | প্রকল্প পরিচালক<br><br>ঐ |
| ৩.৭ | **"প্রতিজেলা ও উপজেলা একটি করে মোট ৫৬০টি মডেল মসজিদ এবং ইসলামিক সাংস্কৃতিক কেন্দ্র স্থাপন":** সচিব মহোদয় অভিমত ব্যক্ত করেন যে, জেলা ও উপজেলা মডেল মসজিদ নির্মাণ প্রকল্পটির কনসেপ্ট নোট ও পিডিপিপি যথাযথ হয়নি। কনসেপ্ট নোট ও পিডিপিপি পুনর্গঠন করতে হবে। | জেলা ও উপজেলা মডেল মসজিদ নির্মাণ প্রকল্পটির কনসেপ্ট নোট ও পিডিপিপি পুনর্গঠন করতে হবে। | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন ও ধর্ম বিষয়ক মন্ত্রণালয়। |
| ৩.৮ | **আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুন:নির্মাণ প্রকল্প:** সভায় জানানো হয় যে, আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুন:নির্মাণ এর লক্ষ্যে ৩০/০৭/২০১৫ তারিখে কুয়েত সরকার ১ মিলিয়ন ইউএস ডলারের একটি চেক ধর্ম বিষয়ক মন্ত্রণালয় বরাবর প্রেরণ করে। মাননীয় ধর্ম মন্ত্রীর সভাপতিত্বে ২৫/০১/২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী উক্ত অর্থ বা ৭,৭২,৮৩,৫৯০/-টাকার একটি পে-অর্ডার ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে ইসলামিক ফাউন্ডেশনে হস্তান্তর করা হয়। উক্ত সভায় ইসলামিক ফাউন্ডেশন যথাসম্ভব দ্রুত নক্‌শা চূড়ান্ত করে নির্মাণ কাজ শুরু করবে মর্মে সিদ্ধান্ত থাকলেও অদ্যাবধি নির্মাণ কাজ শুরু না করায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয় । ইসলামিক ফাউন্ডেশনের পরিচালক(পরিকল্পনা) বলেন যে, স্থাপত্য অধিদপ্তরের সাথে নক্‌শা চূড়ান্তকরণের লক্ষ্যে যোগাযোগ রক্ষা করা হচ্ছে। কনসালটেন্ট প্রণীত নক্‌শা স্থাপত্য অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। সভাপতি অনুদানের অর্থ দ্রুত কাজে না লাগানোয় অসন্তোষ প্রকাশ করেন এবং অতিদ্রুত নক্‌শা চূড়ান্ত করে নির্মাণ কাজ শুরু করার নির্দেশনা প্রদান করেন। | আন্দরকিল্লা শাহী জামে মসজিদ কমপ্লেক্স পুন:নির্মাণ এর লক্ষ্যে যথাসম্ভব দ্রুত নক্‌শা চূড়ান্ত করে নির্মাণ কাজ শুরু করতে হবে। | মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন |

(চলমান পৃ:/৩)

| | | | |
|---|---|---|---|
| ৩.৯ | **"২০ তলা ভিত বিশিষ্ট ২টি বেজমেন্ট ফ্লোরসহ ৫ তলা ওয়াক্ফ ভবনের উর্ধ্বমুখী ৫টি ফ্লোর নির্মাণ" প্রকল্প :** সভায় জানানো হয় যে,ওয়াক্ফ প্রশাসনের নিজস্ব অর্থায়নে প্রস্তাবিত এ প্রকল্পের বিষয়ে অর্থ বিভাগের মনিটরিং সেল হতে ছাড়পত্র পাওয়া গেছে। ডিপিপি পুনর্গঠন করে মন্ত্রণালয়ে প্রেরণের জন্য ওয়াক্ফ প্রশাসককে অনুরোধ করা হয়েছে। | "২০ তলা ভিত বিশিষ্ট ২টি বেজমেন্ট ফ্লোরসহ ৫ তলা ওয়াক্ফ ভবনের উর্ধ্বমুখী ৫টি ফ্লোর নির্মাণ" প্রকল্পের ডিপিপি পুনর্গঠন করে দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | ওয়াক্ফ প্রশাসক |

৪। আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বা:/-১৪/১২/২০১৬ খ্রি:
মোঃ আব্দুল জলিল
সচিব
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়।
তারিখঃ ১৮.১২.২০১৬ খ্রিঃ

নং-১৬.০০.০০০০.০০৮.০৮.০৪২.১৪/১১৮৭

অনুলিপিঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে (জেষ্ঠ্যতাক্রমানুসারে নয়)।

০১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃঃ আঃ উপ-সচিব, বাজেট শাখা-২৩)
০৩। যুগ্ম-সচিব(প্রশাসন/সংস্থা/উন্নয়ন/হজ্জ/বাজেট), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪। মহাপরিচালক, শিক্ষা ও সামাজিক সেক্টর, শেরে বাংলা নগর, ঢাকা।
০৫। ওয়াকফ্ প্রশাসক, ওয়াকফ্ প্রশাসকের কার্যালয়,নিউ স্কাটন, ঢাকা।
০৬। মহাপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, আগারগাঁও, ঢাকা।
০৭। যুগ্ম-প্রধান-২, কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
০৮। যুগ্ম-প্রধান, শিক্ষা উইং, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর,ঢাকা।
০৯। পরিচালক-১০, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
১০। উপ-সচিব (উন্নয়ন/বাজেট), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১। মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। প্রকল্প পরিচালক,মসজিদ ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৬ষ্ঠ পর্যায় প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন,ঢাকা।
১৩। প্রকল্প পরিচালক, ''মন্দির ভিত্তিক শিশু ও গণশিক্ষা কার্যক্রম-৪র্থ পর্যায়'' শীর্ষক প্রকল্প, ১/আই, পরিবাগ, ঢাকা।
১৪। প্রকল্প পরিচালক ''প্যাগোডা ভিত্তিক প্রাক-প্রাথমিক শিক্ষা'' শীর্ষক প্রকল্প, জোবেদা ভিলা (২য় তলা),৬৭/৪,এ পাইওনিয়ার রোড, কাকরাইল, ঢাকা।
১৫। প্রকল্প পরিচালক, ''ধর্মীয় ও আর্থ-সামাজিক প্রেক্ষাপটে পুরোহিত ও সেবাইতদের দক্ষতাবৃদ্ধিকরণ''শীর্ষক প্রকল্প, ৮৮২ (২য় তলা), শহীদবাগ, শাহজাহানপুর, ঢাকা।
১৬। প্রকল্প পরিচালক, মসজিদ পাঠাগার সম্প্রসারণ ও শক্তিশালীকরণ প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
১৭। প্রকল্প পরিচালক, ইসলামী পুস্তক প্রকাশনা কার্যক্রম-২য় পর্যায় প্রকল্প, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা।
১৮। সচিব, হিন্দু/বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ঢাকা।
১৯। পরিচালক, পরিকল্পনা বিভাগ, ইসলামিক ফাউন্ডেশন,আগারগাঁও, ঢাকা।
২০। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, সচিবালয় ভবন ৩য় ফেজ, সেগুন বাগিচা, ঢাকা।
২১। সচিব মহোদয়ের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলা দেশ সচিবালয়, ঢাকা।
২২। সহকারী প্রোগ্রামার, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হ'ল)।
২৩। অফিস কপি/গার্ড ফাইল।

শেখ শামছুর রহমান
সিনিয়র সহকারী প্রধান
ফোনঃ ৯৫৭৭২৩৭